**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# হজ্জ প্যাকেজ- ২০১১ খ্রিঃ (১৪৩২ হিজরী)

চাঁদ দেখা সাপেক্ষে আগামী ০৬ নভেম্বর ২০১১ খ্রিঃ (৯ যিলহজ্জ ১৪৩২ হিজরী) তারিখে ২০১১ খ্রিঃ (১৪৩২ হিজরী) সনের পবিত্র হজ্জ অনুষ্ঠিত হবে। সরকারি ব্যবস্থাপনায় ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ্জ এজেন্সির মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায় পবিত্র হজ্জব্রত পালনের জন্য সৌদি আরব গমন করা যাবে। বাংলাদেশ হতে এ বছর সরকারি ব্যবস্থাপনায় ১৫,০০০ (পনের হাজার) ও বেসরকারি ব্যবস্থাপনায় ১,০৫,০০০ (এক লক্ষ পাঁচ হাজার) সর্বমোট ১,২০,০০০ (এক লক্ষ বিশ হাজার) জন হজ্জযাত্রী পবিত্র হজ্জব্রত পালনের জন্য সৌদি আরব গমন করতে পারবেন।

২। **সরকারি ব্যবস্থাপনা ঃ**

(১) সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীগণের জন্য খাওয়া ও কোরবানী বাদে জনপ্রতি মোট খরচ - ২,৫৯,০৪২/- (দুই লক্ষ উনষাট হাজার বিয়াল্লিশ) টাকা মাত্র নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে ঃ

| ক্রমিক | ব্যয়ের খাতসমূহ | টাকা |
|---|---|---|
| ১. | **বিমান ভাড়াঃ** | |
| | (ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৪৬৫ (১৪৬৫×৭৪.০০) | ১,০৮,৪১০/- |
| | (খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০×২০.০০) | ১,০০০/- |
| | (গ) এম্বারকেশন ফি | ৩০০/- |
| | (ঘ) ইন্সিওরেন্স সারচার্জ মার্কিন ডলার ১০ (১০×৭৪.০০) | ৭৪০/- |
| | (ঙ) এক্সাইজ ডিউটি | ৫০০/- |
| | মোট = | **১,১০, ৯৫০/-** |
| ২. | **স্থানীয় সার্ভিস চার্জঃ** আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের সেবা | ৫০০/- |
| ৩. | **আপৎকালীন ফান্ডঃ** | ১০০/- |
| ৪. | **মোয়াল্লেম ফিঃ** মীনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও মীনা-আরাফা পরিবহন ফি ও সার্ভিস চার্জ ইত্যাদি সৌদি রিয়াল-১০৮৯ (১০৮৯×২০.০০) | ২১,৭৮০/- |
| ৫. | **অতিরিক্ত সার্ভিস চার্জঃ** মোয়াল্লেম এবং মোয়াচ্ছাছাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৫৫০ (৫৫০×২০.০০) | ১১,০০০/- |
| ৬. | **মক্কা ও মদিনায় বাড়ী ভাড়াঃ** মক্কায় হজ্জযাত্রী প্রতি ৪.০ বর্গমিটার ও মদিনায় হজ্জযাত্রী প্রতি ৪.০ বর্গমিটার বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌদি রিয়াল (৫০০০+৪০০+৫৪) = ৫৪৫৪× ২০.০০ **অব্যয়িত অর্থ (যদি থাকে) ২০১০ সালের ন্যায় সৌদি আরবে হজ্জযাত্রীদের ফেরত প্রদান করা হবে।** | ১,০৯,০৮০/- |
| ৭. | হজ্জ গাইড ও প্রশিক্ষণ চার্জ | ৫,৬৩২/- |
| | **সর্বমোট (১+২+৩+৪+৫+৬+৭) =** | **২,৫৯,০৪২/-** (দুই লক্ষ উনষাট হাজার বিয়াল্লিশ) |
| | (নোটঃ প্রতি মার্কিন ডলার ৭৪.০০ টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২০.০০ টাকা হারে ধরা হয়েছে) | |
| | **তাছাড়াও প্রত্যেক হজ্জযাত্রীকে খাওয়া ও কুরবানী খরচ/দম বাবদ আনুমানিক ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার সমপরিমান ১,৫০০(এক হাজার পাঁচশত) সৌদি রিয়াল (কম/ বেশি) পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিতে হবে।** | |

২. **একজন হজ্জযাত্রীর প্রাপ্য সুবিধাসমূহ ঃ** (ক) সৌদি ভিসা (খ) বিমানে সৌদি আরবে যাওয়া ও আসার সুযোগ (গ) মক্কায় ক্বাবা শারীফ থেকে যতসম্ভব কাছাকাছি **(সর্বোচ্চ ১৬৫০ মিটার)** ও মদিনায় মসজিদে নববী হতে সর্বোচ্চ ৮০০ মিটারের মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে আবাসন সুবিধা (ঘ) মক্কায় ৪.০০ বর্গ মিটার ও মদিনায় ৪.০০/৪.৫০ বর্গ মিটার জায়গায় (বাস্তবে কমবেশী হতে পারে) ১টি খাট, ১টি বেড, ১টি বালিশ ও ১টি কম্বল (ঙ) কক্ষ শীতাতপ নিয়ন্ত্রিত হবে ( কোন কোন কক্ষে অতিরিক্ত ফ্যান থাকতে পারে) (চ) ৪-৭ জনের জন্য ১টি সংযুক্ত/কমন গোসলখানা/টয়লেট (ছ) প্রতি বাড়ীতে সাপ্লাইয়ের পানির ব্যবস্থা (জ) বাড়ীর প্রতি ফ্লোরে এক বা একাধিক ফ্রিজ (ঝ) মীনায় তাঁবুতে প্রতি হাজীর জন্য ১ বর্গ মিটার জায়গা (ঞ) অনুমোদিত রুটে জেদ্দা-মক্কা-মদিনা-মীনা-আরাফা-এ যাওয়া-আসার জন্য পরিবহন সুবিধা (ট) মক্কা ও মদিনায় সাধারণ চিকিৎসা সুবিধা (ঠ) আশকোনাস্থ হজ্জ ক্যাম্পের ডরমেটরীতে ফ্লাইটপূর্ব থাকার ব্যবস্থা, কাফেটেরিয়াতে নিজ খরচে খাবারের ব্যবস্থা, হজ্জের আহ্‌কাম-আরকান সম্পর্কে নিবিড় প্রশিক্ষণ, বইপুস্তক সরবরাহ এবং কাস্টম/ইমিগ্রেশনের আনুষ্ঠানিকতা শেষে বাসযোগে বিমান বন্দরে পৌঁছানো (ড) প্রতি ৪৫ জন হাজীর জন্য ১ জন হজ্জকর্মে অভিজ্ঞ গাইড নিয়োগ ও (ণ) **খাওয়া ও কুরবানী খরচ/দম বাবদ প্রত্যেক হজ্জযাত্রীকে আনুমানিক ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার সমপরিমান ১,৫০০(এক হাজার পাঁচশত) সৌদি রিয়াল (কম/ বেশি) পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিয়ে যেতে হবে। কুরবানী/দম সৌদি আরবস্থ ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এর মাধ্যমে প্রদান করাই শ্রেয় হবে।**

৩. (ক) সরকারি ব্যবস্থাপনায় টাকা জমা দেয়ার শেষ **তারিখ ০৭ জুলাই ২০১১খ্রিঃ। উক্ত তারিখের পর কোন অবস্থাতেই হজ্জের টাকা জমা নেয়া হবে না।** আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়/ইসলামিক ফাউন্ডেশনের জেলা ও বিভাগীয় কার্যালয়/উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় এবং হজ্জ অফিস, আশকোনা, ঢাকা হতে সংগ্রহ করা যাবে। এছাড়াও ওয়েব সাইট www.hajj.gov.bd থেকে অন লাইনে ফরম পূরণ করে ডাউন লোড ও প্রিন্ট আউট নিয়ে স্বাক্ষর পূর্বক দাখিল করা যাবে । আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে **স্ব-স্ব জেলা প্রশাসকের কার্যালয়/উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে ১০ জুলাই ২০১১খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করতে হবে।**

(খ) সরকারি ব্যবস্থাপনায় হজ্জযাত্রীর সংখ্যা নিরূপনের লক্ষ্যে আগ্রহী হজ্জযাত্রীগণকে আগামী **৩১ মে ২০১১খ্রিঃ** তারিখের মধ্যে আংশিক বাড়ী ভাড়া বাবদ **২৫,০০০/-(পঁচিশ হাজার)** টাকা জমা দেয়ার জন্য পরামর্শ দেয়া হলো। অবশিষ্ট (২,৫৯,০৪২-২৫,০০০) = ২,৩৪,০৪২/- (দুই লক্ষ চৌত্রিশ হাজার বিয়াল্লিশ) টাকা আগামী **০৭ জুলাই ২০১১খ্রিঃ** তারিখের মধ্যে জমা দিতে হবে।

(গ) অনিবার্য কারণবশতঃ যদি কোন হজ্জযাত্রী অগ্রিম টাকা জমা দিতে না পারেন, সেক্ষেত্রে **০৭ জুলাই ২০১১খ্রিঃ** তারিখের মধ্যেও এককালীন সমুদয় অর্থ ২,৫৯,০৪২/- (দুই লক্ষ উনষাট হাজার বিয়াল্লিশ) জমা দিতে পারবেন।

**হজ্জের ব্যয় বাবদ উক্ত সমুদয় অর্থ নিম্নে বর্ণিত তফসিলী ব্যাংকের যে কোন শাখায় জমা দেয়া যাবে ঃ**

| | |
|---|---|
| (ক) সোনালী ব্যাংক লিঃ | (খ) অগ্রণী ব্যাংক লিঃ |
| (গ) জনতা ব্যাংক লিঃ | (ঘ) রূপালী ব্যাংক লিঃ |
| (ঙ) পূবালী ব্যাংক লিঃ | (চ) বাংলাদেশ কৃষি ব্যাংক |
| (ছ) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। | (জ) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ |
| (ঝ) আল-আরাফাহ ইসলামি ব্যাংক | (ঞ) দি সিটি ব্যাংক লিঃ |

জেলা প্রশাসকগণ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে প্রাপ্ত ও তাঁর নিজ দপ্তরে প্রাপ্ত ফরমসমূহ যাচাই-বাছাই করে বিশেষ বাহক মারফত **১৩ জুলাই ২০১১খ্রিঃ** তারিখের মধ্যে হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকায় প্রেরণ করবেন এবং একটি তালিকা পুলিশ ছাড়পত্র এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য যথাক্রমে পুলিশ কমিশনার/পুলিশ সুপার ও জেলা/উপজেলা মেডিক্যাল বোর্ড প্রধানের নিকট প্রেরণ করবেন ।

হজ্জযাত্রীদের জন্য ঢাকাস্থ হজ্জ অফিসের মাধ্যমে ভিসা, বিমানের টিকেট ও বৈদেশিক মুদ্রার ব্যবস্থা করা হবে।

হজ্জযাত্রীদেরকে নিজ উদ্যোগে আন্তর্জাতিক পাসপোর্ট সংগ্রহ করতে হবে।

সরকারি ব্যবস্থাপনার সকল হজ্জযাত্রী কেবল হযরত শাহ জালাল (রাঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা দিয়ে সৌদি আরব গমন করবেন।

সরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের লাগেজে নাম, আন্তর্জাতিক পাসপোর্ট নম্বর ও মোয়াল্লেম নম্বর ইংরেজিতে লেখা বাধ্যতামূলক।

সৌদি আরবে মক্কায় অবস্থিত কাউন্সেলর (হজ্জ) এর সাথে পরামর্শক্রমে আশকোনাস্থ হজ্জ অফিসার, ঢাকা হজ্জযাত্রীদের মক্কার বাসা বরাদ্দ করবেন এবং সৌদি আরবে বাংলাদেশ হজ্জ মিশন মদিনার বাসা বরাদ্দ করবেন ।

**বেসরকারী ব্যবস্থাপনা :**

(১) **হজ্জ এজেন্সির মাধ্যমে গমনেচ্ছু হজ্জযাত্রী প্রতি ব্যয় ঃ**

| | |
|---|---|
| (ক) বিমান ভাড়া টাঃ ১,০৮,৪১০/- (এক লক্ষ আট হাজার চারশত দশ) (নীট) | (খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স ১,০০০/- (এক হাজার) টাকা |
| (গ) এম্বারকেশন ফি ৩০০/- (তিনশত) টাকা | (ঘ) ইন্সিওরেন্স সার চার্জ ৭৪০/- (সাতশত চলিস্নশ) টাকা |
| (ঙ) এক্সাইজ ডিউটি ৫০০/-( পাঁচশত) | (চ) স্থানীয় সার্ভিস চার্জ ৫০০/-( পাঁচশত) টাকা |
| (ছ) আপৎকালীন ফান্ড ১০০/- (একশত) টাকা ও | (জ) জেদ্দা-মক্কা-মদিনা-মিনা-আরাফাতের যাতায়াত ব্যয়, মিনায় তাবু ভাড়া ও মোয়াল্লেম ফি ইত্যাদি- ২১,৭৮০/- (একুশ হাজার সাতশত আশি) টাকা। |

(২) এ ছাড়াও (ক) মিনা-আরাফা-এ মোয়াল্লেমের অতিরিক্ত সার্ভিস চার্জ, (খ) মক্কা-মদিনায় বাড়ী ভাড়া ব্যয়, (গ) হজ্জযাত্রীদের কুরবানী খরচ (কুরবানী নিশ্চিত করার জন্য সৌদি আরবে ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এ অর্থ জমা করে মানি রিসিট প্রত্যেক হজ্জযাত্রীকে দিতে হবে) (ঘ) মক্কা, মদিনা ও মিনায় খাওয়া খরচ ও (ঙ) হজ্জ গাইড ও প্রশিক্ষণ চার্জ প্রত্যেক এজেন্সী নিজ নিজ প্যাকেজ অনুযায়ী নির্ধারণ করবে।

(৩) বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণ হযরত শাহ্‌জালাল (রাঃ) আর্ন্তজাতিক বিমান বন্দর ছাড়াও চট্টগ্রাম ও সিলেট বিমানবন্দর দিয়ে সৌদি আরব যেতে পারবেন। তবে তাঁদেরকে বিমান ভাড়া বাবদ অতিরিক্ত ১০০ মার্কিন ডলারের সমপরিমাণ টাকা প্রদান করতে হবে।

(৪) হজ্জ ব্যবস্থাপনার বিষয়ে সরকার ও হজ্জ এজেন্সীকে **আগামী ১৫ জুন ২০১১খ্রিঃ তারিখের মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন** করতে হবে । সরকার ও হজ্জ এজেন্সীর মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি ব্যতিরেকে কোন হজ্জ এজেন্সী হজ্জ প্যাকেজ ঘোষণা করতে পারবে না।

(৫) প্রত্যেক হজ্জ এজেন্সীকে হজ্জযাত্রীর সাথে নির্ধারিত ফরমে চুক্তি সম্পাদন করতে হবে। হজ্জ এজেন্সী ও হজ্জযাত্রীর মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন ব্যতিরেকে কোন এজেন্সী হজ্জ বাবদ অর্থ সংগ্রহ করতে পারবে না ও ভিসা প্রক্রিয়াকরণ হবে না। চুক্তির মূল কপি হজ্জযাত্রীর নিকট, একটি অনুলিপি ঢাকাস্থ হজ্জ অফিসে এবং অন্যটি হজ্জ এজেন্সীর নিকট সংরক্ষিত থাকবে ।

(৬) প্রত্যেক হজ্জ এজেন্সীকে হজ্জযাত্রীদের পূর্ণ নাম ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত একটি তালিকাসহ সরকার নির্ধারিত মোয়াল্লেম ফি, স্থানীয় সার্ভিস চার্জ ইত্যাদি আগামী **০৭ জুলাই ২০১১খ্রিঃ** তারিখের মধ্যে নির্ধারিত ব্যাংকে জমা দিতে হবে। এসব তথ্য ব্যতীত কোন ব্যাংক হজ্জ এজেন্সীর নিকট থেকে অর্থ গ্রহণ করতে পারবে না। **উক্ত তারিখের পর কোন অবস্থাতেই হজ্জের টাকা জমা নেয়া হবে না।**

(৭) হজ্জের ব্যয় বাবদ উক্ত সমুদয় অর্থ সংশ্লিষ্ট হজ্জ এজেন্সীর নামে ব্যাংক হিসাব খুলে সোনালী ব্যাংক লিঃ এর নিম্নলিখিত শাখাগুলোতে জমা দেয়া যাবে ঃ

(ক) সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা।

(খ) সোনালী ব্যাংক লিঃ, ফকিরাপুল শাখা, ঢাকা।

(গ) সোনালী ব্যাংক লিঃ, দিলকুশা কর্পোরেট শাখা, দিলকুশা, ঢাকা।

(ঘ) সোনালী ব্যাংক লিঃ, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম।

(ঙ) সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, সিলেট।

(৮) প্রত্যেক হজ্জ এজেন্সী হজ্জযাত্রীদের সমন্বিত তালিকা বিশেষ বাহক মারফত **১৩ জুলাই ২০১১খ্রিঃ** তারিখের মধ্যে **হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা-তে** প্রেরণ করবে এবং একটি তালিকা পুলিশ ছাড়পত্র এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য যথাক্রমে **পুলিশ কমিশনার/পুলিশ সুপার ও জেলা/উপজেলা মেডিক্যাল বোর্ড প্রধানের** নিকট প্রেরণ করবে ।

(৯) আবেদন ফরম, চুক্তির ফরমসহ অন্যান্য ফরম হজ্জ অফিস, ঢাকা হতে সংগ্রহ করা যাবে, তাছাড়া সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

(১০) সরকারি ব্যবস্থাপনাধীন হজ্জযাত্রীর জন্য ঘোষিত প্যাকেজ মূল্য **২,৫৯,০৪২/- (দুই লক্ষ উনষাট হাজার বিয়াল্লিশ)** টাকার নিম্নে কোন হজ্জ এজেন্সী কোনক্রমেই হজ্জ প্যাকেজ ঘোষণা করতে পারবে না। তবে মক্কায় হারাম শরীফের নিকটবর্তী হোটেল/এপার্টমেন্ট ইত্যাদি আবাসনের সাথে অন্যান্য সুবিধাদির বর্ণনা চুক্তিতে উল্লেখ করে সর্বোচ্চ ২টি প্যাকেজ ঘোষণা করা যাবে। দুই প্যাকেজের হজ্জযাত্রীদের মক্কা ও মদিনায় এক হোটেল/এপার্টমেন্ট ইত্যাদিতে একত্রে রাখা যাবে না। দুই প্যাকেজের সকল সুবিধা প্যাকেজ ওয়ারী আলাদাভাবে বর্ণনা করতে হবে যাতে হজ্জযাত্রীগণ প্যাকেজের সুবিধা অনুধাবনপূর্বক নিজেদের প্যাকেজ পছন্দ করতে পারেন এবং সে অনুযায়ী চুক্তি সম্পাদন করতে পারেন ।

(১১) বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের জন্য ১৪৩২হিঃ সনের শাওয়াল মাসের ২০ তারিখের মধ্যে **মক্কা** ও **মদিনায় অবশ্যই** বাড়ী ভাড়া সম্পন্ন করতে হবে। তবে **মাননীয় হজ্জমন্ত্রী, সৌদি আরব এর পরামর্শ মোতাবেক রমজান মাসের মধ্যেই উহা সম্পন্ন করা উত্তম হবে।** মক্কা আল মোকাররমায় হাজীদের জন্য একই বাড়ী/হোটেলে অবস্থান নিশ্চিত করতে হবে । হারাম শরীফ থেকে দুই কিলোমিটার বা এর অধিক দূরত্বে বাড়ী/হোটেল অবস্থানের ব্যবস্থা করলে অবশ্যই যাতায়াতের জন্য গাড়ীর ব্যবস্থা করতে হবে।

(১২) হজ্জ এজেন্সীসমূহ, হজ্জ অফিসার, ঢাকা এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড ত্রি-পক্ষীয় আলোচনার মাধ্যমে আগামী **০৬ আগষ্ট ২০১১** তারিখের মধ্যে **হজ্জ ফ্লাইট সিডিউল চূড়ান্ত** করবে।

(১৩) প্রত্যেক হজ্জ এজেন্সী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সাথে যোগাযোগ করে হজ্জযাত্রীদের অগ্রিম বিমান ভাড়া নির্ধারিত তারিখের মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যাংক একাউন্টে জমা দেবে ।

(১৪) হজ্জযাত্রীগণ আন্তর্জাতিক পাসপোর্ট সংগ্রহ করে অনুমোদিত হজ্জ এজেন্সির সহযোগিতায় সৌদি দূতাবাস হতে ইস্যুকৃত ভিসার মাধ্যমে হজ্জে গমন করবেন।

(১৫) বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীর লাগেজে নিজের নাম, পাসপোর্ট নম্বর, হজ্জ এজেন্সির নাম এবং সৌদি আরবে সংশ্লিষ্ট হজ্জ এজেন্সির প্রতিনিধির মোবাইল নম্বরসহ ঠিকানা ইংরেজিতে লেখা বাধ্যতামূলক।

(১৬) হজ্জযাত্রীগণ হজ্জ এজেন্সি কর্তৃক **নির্ধারিত ব্যাংক একাউন্টে টাকা জমা** দিবেন। তবে এজেন্সীসমূহ শুধুমাত্র এজেন্সীর **স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত রসিদমূলে** হজ্জযাত্রীদের নিকট থেকে সরাসরি নগদ টাকা গ্রহণ করতে পারবে। কোন হজ্জ এজেন্সী দালাল বা তথাকথিত কাফেলা লিডারের মাধ্যমে হজ্জযাত্রীদের কাছ থেকে অর্থ সংগ্রহ করতে পারবে না ।

(১৭) প্রত্যেক এজেন্সি হজ্জ প্যাকেজ, হজ্জযাত্রীর নাম, পাসপোর্ট নম্বর, ঠিকানা, মোবাইল ফোন নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, বারকোড নম্বর ইত্যাদি তথ্য; হজ্জযাত্রীদের ফ্লাইট সিডিউল, হজ্জ এজেন্সী ও হজ্জযাত্রীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র, সরকার ও এজেন্সীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র; মক্কা ও মদিনায় হজ্জযাত্রীদের জন্য ভাড়াকৃত বাড়ির মালিকের নাম-ঠিকানা-মোবাইল ফোন নম্বর, বাড়ির রোড/এলাকার নাম; নিয়োজিত প্রতিনিধি ও হজ্জকর্মীর সৌদি আরবে এবং বাংলাদেশের ঠিকানা ও মোবাইল নম্বরসহ প্রয়োজনীয় সকল তথ্য নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ করবে এবং প্রকাশিত তথ্যের সফট কপি হজ্জ অফিস, ঢাকায় সরবরাহ করবে।

(১৮) হজ্জযাত্রীর মোবাইল/ফোন নম্বর না থাকলে সেক্ষেত্রে যোগাযোগ করার জন্য দুইজন নিকট আত্মীয়ের মোবাইল নম্বর আবেদনপত্রে এবং হজ্জ এজেন্সি ও হজ্জযাত্রীর সাথে সম্পাদিত চুক্তিপত্রে উল্লেখ করতে হবে।

(১৯) প্রত্যেক হজ্জ এজেন্সি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য একজন অভিজ্ঞ হজ্জ গাইড/কর্মী নিয়োগ করবে ।

(২০) প্রত্যেক হজ্জ এজেন্সি সর্বনিম্ন ৫০ জন এবং সর্বোর্চ্চ ৪০০ জন হজ্জযাত্রী হজ্জে প্রেরণ করতে পারবে।

(২১) **তদন্তাধীন এজেন্সীর লাইসেন্স বাতিল হলে উক্ত এজেন্সী হজ্জযাত্রী প্রেরণ করতে পারবে না।**

(২২) **কোনক্রমেই হজ্জযাত্রীদের নাম পরিবর্তন করা যাবে না। শুধু মৃত্যু জনিতকারণে হজ্জযাত্রীর জমাকৃত টাকা ফেরত প্রদান করা হবে।**

৪. **সরকারি ও বেসরকারী উভয় ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের জন্য প্রযোজ্য তথ্যাদি ও করণীয় ঃ**

(১) মাহ্‌রাম ব্যতীত মহিলা হজ্জযাত্রী এককভাবে হজ্জে গমনের যোগ্য বিবেচিত হবেন না ;

(২) মহিলা হজ্জযাত্রীগণকে মাহরামের সাথে একত্রে টাকা জমা দিতে হবে ;

(৩) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড হজ্জযাত্রী পরিবহনের দায়িত্ব পালন করবে ;

(৪) সংশোধিত জাতীয় হজ্জনীতির ২০ অনুচ্ছেদের বিধান অনুসারে শুধুমাত্র আবেদনকারীর মৃত্যু জনিতকারণে জমাকৃত অর্থের আংশিক ফেরৎ দেয়া হবে;

(৫) বিমান ভাড়া বৃদ্ধি পেলে সেক্ষেত্রে বর্ধিত ভাড়া হজ্জযাত্রীকে পরিশোধ করতে হবে ;

(৬) বিমান ভাড়া কমানো সম্ভব হলে বিমান ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) হজ্জযাত্রীদের ফেরত প্রদান করা হবে।

(৭) হজ্জের সার্বিক খরচ ছাড়াও প্রত্যেক হজ্জযাত্রী ৫০০ (পাঁচশত) মার্কিন ডলারের সমপরিমাণ বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন;

(৮) প্রত্যেক হজ্জযাত্রীর জন্য স্বাস্থ্য পরীক্ষা, মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা প্রতিষেধক টিকা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ এবং স্বাস্থ্য সনদ ও পুলিশ ছাড়পত্র গ্রহণ বাধ্যতামূলক ;

(৯) হজ্জযাত্রীদের সৌদি আরবে অবস্থানকাল **সর্বোচ্চ ৪৫ দিন** হবে ;

(১০) **সরকারি এবং বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণ হজ্জের উদ্দেশ্যে যাত্রার ০৩ (তিন) দিন পূর্বে ঢাকাস্থ আশকোনা হজ্জক্যাম্পে আগমন করবেন।** হজ্জক্যাম্পে অবস্থানকালে হজ্জের বিভিন্ন আরকান-আহকামসহ জরুরী বিষয়াদি সম্পর্কে অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা ও অডিও ভিজুয়্যাল মিডিয়ার মাধ্যমে হজ্জযাত্রীদেরকে ৩ দিনের প্রশিক্ষণ প্রদান করা হবে ;

(১১) বিমান কর্তৃপক্ষের ব্যবস্থা অনুযায়ী বিমানে কোন হজ্জযাত্রী সর্বোচ্চ **৩২ (বত্রিশ) কেজির বেশী মালামাল বহন করতে পারবেন না। রেজিষ্টার্ড ডাক্তারের প্রেসক্রিপশন ব্যতীত কোন ঔষধ নিতে পারবেন না। চাল, ডাল, শুটকী, গুড় ইত্যাদিসহ পচনশীল খাদ্যদ্রব্য যেমন ঃ রান্না করা খাবার, তরি-তরকারী, ফলমূল, পান, সুপারি ইত্যাদি সৌদি আরবে নিয়ে যাওয়া যাবে না।**

(১২) **ডায়বেটিস, হৃদরোগসহ কোন ক্রনিক ডিজিজের রোগীরা প্রেসক্রিপশনসহ অতি অবশ্যই ৪৫ দিনের ঔষধ সঙ্গে নিয়ে যাবেন।**

(১৩) কুরবানী/দম এর টাকা ইসলামী উন্নয়ন ব্যাংকে জমা দেয়া সৌদি সরকার কর্তৃক একমাত্র স্বীকৃত ব্যবস্থা। অসুবিধা এড়ানোর জন্য ইসলামী উন্নয়ন ব্যাংকে টাকা জমা দেয়াই উত্তম।

(১৪) প্রত্যেক হজ্জযাত্রীকে বাধ্যতামূলকভাবে মেডিকেল তথ্য সম্বলিত আইডি কার্ড এবং কব্জী বেল্ট বহন করতে হবে। আবেদনপত্রে মেডিক্যাল তথ্যাবলী যথাযথভাবে পূরণ বাধ্যতামূলক।

(১৫) হজ্জে গমনেচ্ছু প্রত্যেক ব্যাক্তিকে হজ্জের আবেদনের সাথে মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সনদ সংযুক্ত করতে হবে।

(১৬) হজ্জ ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির সহায়তায় হজ্জযাত্রীদের যাবতীয় তথ্য সংরক্ষণ ও সরবরাহ, ইন্টারনেটের মাধ্যমে সংবাদ আদান-প্রদানের ব্যবস্থা করা হবে । এ বিষয়ে www.hajj.gov.bd ওয়েব সাইট হতে তথ্য সংগ্রহ করা যাবে ।

(১৭) প্রত্যেক হজ্জযাত্রী **৫৬ সেঃমিঃ x ২৫ সেঃমিঃ x ৪৫ সেঃমিঃ আয়তনের** মাত্র ১টি ব্যাগ/লাগেজ সংগে নিতে পারবেন। উক্ত ব্যাগ/লাগেজ এর গায়ে আয়তনের সামঞ্জস্য রেখে বাংলাদেশের জাতীয় পতাকার ছাপ থাকা উত্তম হবে। তা ছাড়াও বাংলাদেশের জাতীয় পতাকার রং তথা লাল সবুজ রংগের ব্যাগ হলেও চলবে। ব্যাগের গায়ে বাংলা ও ইংরেজিতে বড় অক্ষরে **'বাংলাদেশ'** শব্দ লিখতে হবে।

(১৮) সৌদি আরবে অবস্থানকালে বাসস্থানের বাইরে গেলে হজ্জযাত্রীগণকে পরিচয়পত্র, মোয়াল্লেম কার্ড ও হোটেলের কার্ড অবশ্যই সংগে রাখতে হবে।

(১৯) অতিরিক্ত কোন তথ্যাদি জানার প্রয়োজন হলে হজ্জ অফিসার, হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা (ফোন- ৮৯৫৮৪৬২, ৭৯১২৩৯১) এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে (ফোন-৭১৬৪৮০৭, ৭১৬৪৮১৯, ৭১৬৩৬৭৮) যোগাযোগ করতে পারেন। এ ছাড়াও প্রত্যেক **জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং** জেলায় অবস্থিত **উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন**-এর কার্যালয় হতে বিস্তারিত তথ্য জানা যাবে।

১৯/৩/২০১১

( মোঃ জাহাংগীর আলম)
উপ-সচিব (হজ্জ)
ফোন ঃ ৭১৬৩৬৭৮

স্মারক নং-ধবিম/হঃশাঃ/১-২/২০১০/৬৫৮ তারিখ-২৯/০৩/২০১১খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৫. সচিব, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ..............................................
৬. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাদ, রিয়াদ, সৌদি আরব।
৭. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর।
৮. মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৯. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে)।
১১. ব্যবস্থাপনা পরিচালক, ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা , ঢাকা।
১২. হজ্জ অফিসার, হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা।
১৩. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হ'ল)।
(ক) সোনালী ব্যাংক লিঃ (খ) অগ্রণী ব্যাংক লিঃ (গ) জনতা ব্যাংক লিঃ (ঘ) রূপালী ব্যাংক লিঃ (ঙ) পূবালী ব্যাংক লিঃ (চ) বাংলাদেশ কৃষি ব্যাংক (ছ)ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ (জ) আল-আরাফাহ ইসলামি ব্যাংক লিঃ (ঝ) দি সিটি ব্যাংক লিঃ (ঞ) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী প্রধান কার্যালয়, ঢাকা।
১৪. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৫. জেলা প্রশাসক (সকল)........................................................।
১৬. কাউন্সিলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ মিশন, মক্কা, সৌদি আরব।
১৭. পুলিশ সুপার, (সকল)........................................................।
১৮. সিভিল সার্জন (সকল)........................................................।
১৯. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২০. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...........................................।
২১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (সকল)...............................।
২২. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৩. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)।
২৪. জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
২৫. সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ্জ এজেন্সীকে অবহিত করানোর অনুরোধসহ)।
২৬. হজ্জ এজেন্সী ......................................................................................................
২৭. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক -----------------------------------পত্রিকা-সংযুক্ত হজ্জ প্যাকেজটি স্মারক নং সহ তাঁর পত্রিকায় প্রয়োজনীয় কলামে ১(এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো।

( মোঃ জাহাংগীর আলম)
উপ-সচিব (হজ্জ) ২৯/৩/২০১১
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়